

চিকিৎসায় অবহেলা বিষয়ে আইন কমিশনের প্রশ্নমালা

সুধী,

চিকিৎসা একটি মহান পেশা। তবে অন্যান্য অনেক পেশার মত চিকিৎসায় দায়িত্ব পালনেও অবহেলা লক্ষ্য করা যায়। চিকিৎসায় অবহেলা রোগীর জন্য মারাত্মক পরিণতি ডেকে আনতে পারে। এমন অবহেলার ঘটনা প্রায়ই গণমাধ্যমে চোখে পড়ে। এ সমস্যার প্রতিকারের জন্য বাংলাদেশ দস্তবিধিসহ কিছু বিচ্ছিন্ন আইন থাকলেও কোন পৃথক ও পূর্ণাঙ্গ আইন নেই। মানুষের স্বাস্থ্য সেবার মানোন্নয়ের লক্ষ্যে প্রয়োজনীয় গবেষণা, অন্যান্য রাষ্ট্রের অভিজ্ঞতা এবং চিকিৎসকসহ সকল স্তরের সচেতন মানুষের সঙ্গে মত বিনিময়ের ভিত্তিতে আইন কমিশন এ বিষয়ে আইন প্রণয়নের লক্ষ্যে সরকারের নিকট প্রয়োজনীয় সুপারিশ করার উদ্যোগ গ্রহণ করেছে। নিম্নের প্রশ্নমালা যথাশি্ষ্র সম্ভব পূরণ করে কমিশনে প্রেরণ করে এই উদ্যোগকে সহযোগিতা করবেন বলে কমিশন আন্তরিকভাবে আশা করে।

আপনাকে আগাম ধন্যবাদ।

আপনার নাম, পেশা ও ঠিকানা : -----

যথাস্থানে টিক ✓ চিহ্ন দিন বা মন্তব্য লিখুন

প্রশ্নমালা

১। সাধারণ জ্ঞান-বুদ্ধি ও যৌক্তিক দৃষ্টিভঙ্গীর মাপকাঠিতে রোগীর প্রতি যথাযথ যত্নশীল এবং চিকিৎসায় সতর্কতা অবলম্বনে ব্যর্থ হওয়াকে, যার ফলে রোগী ক্ষতিগ্রস্ত হয়, যদি আমরা চিকিৎসায় অবহেলা (Medical Negligence) বলে আখ্যায়িত করি তাহলে অভিযুক্ত ব্যক্তির আওতায় কি শুধু ডাক্তার, না অন্যান্য সকল চিকিৎসা সহকারী (নার্স) এবং হাসপাতাল ব্যবস্থাপনায় যুক্ত সকলকেই দায়ী করা যাবে?

- (ক) শুধুই ডাক্তার
- (খ) সংশ্লিষ্ট সকল ব্যক্তি ও প্রতিষ্ঠান
- (গ) প্রধানত ডাক্তার

২। চিকিৎসায় অবহেলার ক্ষেত্রে অবহেলা প্রমাণের সাধারণ মানদণ্ড, না- কি বিশেষ কোন মানদণ্ড থাকা উচিত?

- (ক) সাধারণ মানদণ্ড (খ) বিশেষ মানদণ্ড

বিশেষ মানদণ্ডের ক্ষেত্রে আপনার সংক্ষিপ্ত ব্যাখ্যা বা মন্তব্য লিখুন-

(ক) -----

(খ) -----

(গ) -----

৩। সাধারণ এবং যৌক্তিকভাবে বোধগোম্য অবহেলার রূপ যেমন, (ক) অপারেশনের যন্ত্রপাতি বা অনাকাঙ্খিত বস্তু রোগীর দেহে রেখে সেলাই করা; (খ) রোগীকে বা তার নিকটবর্তী আত্মীয় স্বজনকে রোগ বা চিকিৎসা সম্পর্কে তথ্য না দেয়া; (গ) ইমার্জেন্সী রোগীকে চিকিৎসা দিতে দেবী করা; (ঘ) রোগীকে রোগ নির্ণয় এবং চিকিৎসার ক্ষেত্রে পর্যাপ্ত সময় না দেয়া; (ঙ) ভুল ঔষধ দেয়া বা ভুল সার্জারি করা; (চ) বিনা অনুমতিতে বা বিনা কারণে কাজে অনুপস্থিত থাকা; ইত্যাদি ছাড়াও আর কি কি বিষয় চিকিৎসায় অবহেলার অন্তর্ভুক্ত হতে পারে তা সংক্ষেপে লিখুন-

(ক) -----

(খ) -----

(গ) -----

৪। আপনি কি মনে করেন চিকিৎসকদের অবহেলাসহ বিভিন্ন প্যাথলজিকেল পরীক্ষায় অবহেলার সংখ্যা দিন দিন বাড়ছে?

(ক) হ্যাঁ (খ) না

৫। অবহেলার কারণ কি? একাধিক ঘরে টিক দিতে পারেন।

(ক) রোগীর তুলনায় চিকিৎসকের সংখ্যা কমে যাওয়ার কারণে তাড়াছড়ো করা হয় বলে

(খ) ব্যবসায়িক মনোবৃত্তি যেমন অল্প সময়ে বেশী রোগী দেখা

(গ) সাধারণ নৈতিক অবক্ষয়

(ঘ) মেডিকেল কলেজসমূহে প্রয়োজনীয় চিকিৎসা শিক্ষা ও medical ethics শিক্ষার অপরিপূর্ণতা

(ঙ) অদক্ষতা

(চ) অবহেলা দূরীকরণে বিএমডিসি (BMDC) এর পর্যাপ্ত ক্ষমতা না থাকা

(ছ) অবহেলায় অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে সহজে আশ্রয় নেয়া যায় এমন প্রতিকারের ব্যবস্থা না থাকা

(জ) চিকিৎসা ও রোগ নির্ণয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অবকাঠামোগত ও অন্যান্য (logistics) সুবিধা না থাকা

(ঝ) মন্ত্রণালয়, ডিজি হেলথ বা BMDC এর উপযুক্ত মনিটরিং এর অভাব

৬। ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এ চিকিৎসকদের দায়িত্বে অবহেলার বিষয়টি উল্লেখ আছে। আইনটির সংশ্লিষ্ট ধারায় প্রয়োজনীয় পরিবর্তন এনে অবহেলা মোকাবেলা করা যাবে কি?

(ক) হ্যাঁ (খ) না

৭। চিকিৎসায় অবহেলা হ্রাস করার জন্য আলাদা নতুন আইন প্রণয়নের প্রয়োজন আছে কি?

(ক) হ্যাঁ (খ) না

৮। অবহেলায় প্রতিকারের জন্য কোন্ ফোরাম বা ফোরামসমূহের আশ্রয় নেয়া অধিকতর কার্যকর ও সঠিক মনে করেন?

(ক) ফৌজদারী আদালত

(খ) BMDC

(গ) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর

(ঘ) ক্ষতিপূরণের জন্য দেওয়ানী আদালত

(ঙ) প্রস্তাবিত আইন প্রয়োগের জন্য বিশেষ আদালত

(চ) ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের অধীন কোন বিশেষ কমিটি

৯। দায়িত্বে অবহেলাজনিত যে সব ঘটনা ঘটছে সেগুলোর বেশীর ভাগের জন্য দায়ী কারা?

- (ক) সাধারণ ডাক্তার
(খ) বিশেষজ্ঞ ডাক্তার
(গ) চিকিৎসা সহকারী, নার্স
(ঘ) প্রাতিষ্ঠানিক অব্যবস্থা

১০। অবহেলাজনিত অপরাধ গুরুতর হলেও অভিযুক্ত চিকিৎসকদের কি অন্যান্য আসামীদের সাথে বিচারকার্য পরিচালনা করা বা অভিযুক্ত চিকিৎসকের অপরাধ প্রমাণিত না হওয়া পর্যন্ত অভিযুক্তকে জেলহাজতে পাঠানো আপনি সমর্থন করেন কি?

- (ক) সমর্থন করি (খ) সমর্থন করি না

১১। কোন চিকিৎসকের অবহেলার মাত্রা নির্ণয়ে শুধুমাত্র চিকিৎসকদের সমন্বয়ে গঠিত কোন কমিটির পরামর্শ বা মতামত নেয়া কতটা বাস্তবসম্মত? কারণ একজন চিকিৎসকের ভুল বা অবহেলার ব্যাপারে অপর চিকিৎসকের নমনীয় হওয়ার আশংকা থাকে।

- (ক) বাস্তবসম্মত মনে করি
(খ) বাস্তবসম্মত মনে করি না
(গ) অন্যকোন বিকল্প থাকলে উল্লেখ করুন -----

১২। আইন কঠিন করা হলে এর অপপ্রয়োগও বাড়তে পারে। এমতাবস্থায় চিকিৎসকরা অতি সতর্কতা অবলম্বন করলে এবং রোগীকে এক প্রকার প্রতিপক্ষ ভাবলে চিকিৎসার মান হ্রাস পাবে কি?

- (ক) হ্যাঁ
(খ) না
(গ) কোন কোন ক্ষেত্রে হ্রাস পাওয়ার আশঙ্কা থাকলেও সার্বিক ও চূড়ান্ত ফলাফল ইতিবাচক হবে।

১৩। চিকিৎসায় অবহেলার কি ধরনের প্রতিকার হওয়া উচিত বলে আপনি মনে করেন?

- (ক) ফৌজদারী প্রতিকার, যেমন কারাদণ্ড,
(খ) দেওয়ানী প্রতিকার, যেমন ক্ষতিপূরণ
(গ) উভয়ই।

১৪। চিকিৎসা অবহেলার প্রতিকার ও চিকিৎসার মানোন্নয়নের জন্য আপনার কোন বিশেষ পরামর্শ বা মন্তব্য থাকলে সংক্ষেপে নিম্নে লিপিবদ্ধ করুনঃ

